

শিশু কল্যাণ সমিতির ক্ষমতা ও কার্যাবলী (ধারা ২৭)

শিশু কল্যাণ সমিতি নিম্নলিখিত ক্ষমতার অধিকারী

মহানগরিক (Metropolitan)/প্রথম শ্রেণির বিচারপতির ক্ষমতাসম্পন্ন

শিশু ও কিশোর ন্যায়বিচার (যত্ন ও সুরক্ষা) আইন ২০১৫-এর ধারা অনুযায়ী যে সমস্ত শিশুর যত্ন ও সুরক্ষার প্রয়োজন আছে, সেইসব শিশু সংক্রান্ত কাজের স্বতন্ত্র ক্ষমতা তাদের উপর ন্যস্ত।

উপস্থাপন (ধারা ৩১)

শিশু কল্যাণ সমিতি যে কোনও শিশুর স্বার্থে নিজেস্বতন্ত্র অথবা কোনও নিম্নলিখিত সংস্থা বা মানুষের প্রতিবেদনের ভিত্তিতে কাজ করতে পারেনঃ

- ১) যে কোনও পুলিশ আধিকারিক, বিশেষ কিশোর পুলিশ বাহিনী, শিশু কল্যাণ পুলিশ আধিকারিক, জেলা শিশু সুরক্ষা বিভাগ
- ২) যে কোনও সরকারি কর্মী
- ৩) শিশু কল্যাণ আধিকারিক অথবা শিক্ষানবিশ আধিকারিক
- ৪) যে কোনও সমাজকর্মী অথবা জনহিতকর মনোবৃত্তিসম্পন্ন নাগরিক
- ৫) শিশুটি নিজে
- ৬) কোনও ডাক্তার, নার্স, নার্সিংহোম বা হাসপাতাল অথবা প্রসুতিসদনের পরিচালন সমিতি
- ৭) চাইল্ডলাইন পরিষেবা অথবা যে কোনও স্বেচ্ছাসেবী সংস্থা

পুনরুদ্ধার/প্রত্যর্পণ (ধারা ৪০)

শিশু কল্যাণ সমিতি শিশুর কল্যাণ বিষয়ক যে কোনও ধরনের নির্দেশ দিতে পারে। যে শিশুর যত্ন ও সুরক্ষার প্রয়োজন আছে তাকে রাখা হবেঃ

- ১) বাবা-মা
- ২) উপযুক্ত ব্যক্তি
- ৩) যারা দত্তক নেবেন
- ৪) প্রতিপালক বাবা-মা
- ৫) অভিভাবক

শিশু কল্যাণ সমিতিতে শিশু বা কিশোরদের উপস্থিত করা (ধারা ৯১)

যদি শিশু কল্যাণ সমিতি বা শিশু ন্যায় পর্ষদ মনে করে, সেক্ষেত্রে শিশুটির হাজিরার প্রয়োজন নেই

সমিতি কোনও শিশুকে চিকিৎসার প্রয়োজনে কোনও স্বীকৃত স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসার আবশ্যিক সময়সীমা অনুযায়ী পাঠাতে পারে

শিশুর বাবা-মা অথবা অভিভাবকের হাজিরা (ধারা ৯০)

সমিতি যখনই বিবেচনা করবেন, প্রক্রিয়া চলাকালীন শিশুর বাবা-মা অথবা অভিভাবককে হাজিরা দেওয়ার নির্দেশ দিতে পারেন

নিজ বাসস্থানে শিশুর স্থানান্তর (ধারা ৯৫)

অনুসন্ধানকালে যদি দেখা যায় কোনও শিশু সমিতির নির্দিষ্ট অধিকারক্ষেত্রের (Jurisdiction) বাইরে থেকে এসেছে সেক্ষেত্রে সমিতি দ্রুত সেই শিশুকে তার বাড়ির এলাকায় পাঠাবার জন্য নির্দেশ দিতে পারে

আন্তঃরাজ্য স্থানান্তরের ক্ষেত্রে শিশুর বাড়ি ওই রাজ্যের যে জেলায় অবস্থিত, সেখানকার পর্ষদ বা সমিতির কাছে হস্তান্তর করতে হবে অথবা তার রাজ্যের সদর শহরের পর্ষদ বা সমিতির কাছে হস্তান্তর করতে হবে

সমিতি তার ক্ষমতাবলে বিশেষ কিশোর পুলিশ আধিকারিককে অথবা শিশুটির অস্থায়ী আবাসকে অথবা জেলা শিশু সুরক্ষা বিভাগকে শিশুটিকে সঠিক সুরক্ষার মধ্যে দিয়ে যথাস্থানে পৌঁছে দেবার ব্যবস্থা করার জন্য নির্দেশ দিতে পারে

হস্তান্তরের নির্দেশ শিশুর সর্বোত্তম স্বার্থের কথা মাথায় রেখে করতে হবে

ভারতের বিভিন্ন অংশে শিশুদের হোম, বিশেষ হোম বা উপযুক্ত সুযোগসুবিধা বা উপযুক্ত ব্যক্তির কাছে শিশুর স্থানান্তর বা হস্তান্তর (ধারা ৯৬)

কোনও শিশু যার যত্ন ও সুরক্ষার প্রয়োজন অথবা আইনি বি জড়িত, তাকে রাজ্যের মধ্যে একটি হোম থেকে আরেকটি হোমে স্থানান্তর করা যাবে

নির্দেশের সময় শিশুর সর্বোত্তম স্বার্থের কথা মাথায় রাখতে হবে

শিশুটি স্থানান্তরের জন্য শিশু কল্যাণ সমিতি বা শিশু ন্যায় পর্ষদের সিদ্ধান্ত অনুযায়ী সময়সীমা অতিক্রম করা যাবে না

ঐ নির্দেশাবলী, যে এলাকায় শিশুকে পাঠানো হয়েছে সেই এলাকার সমিতির জন্য ওই নির্দেশাবলী কার্যকরী বলে গণ্য হবে

নির্দেশের সংশোধন (ধারা ১০৪)

আবেদনের ভিত্তিতে কোনও কর্তৃপক্ষ নিম্নলিখিত বিষয়ে নির্দেশের সংশোধন করতে পারে

যে সংস্থায় শিশুটিকে পাঠানো হয়েছে

যে ব্যক্তির তত্ত্বাবধানে শিশুটি আছে

কোনও প্রতিষ্ঠান থেকে শিশুর অব্যাহতি (ধারা ৯৭)

নির্দেশের ভিত্তিতে হোমে থাকা কোনও শিশুর দায়িত্ব নিতে ইচ্ছুক বাবা-মা বা কোনও অভিভাবকের কাছে অথবা শিশু যে অনুমোদিত সংস্থার তত্ত্বাবধানে আছে, তাদের সঙ্গে যেতে পারে

যে শর্তাবলীর ভিত্তিতে শিশুটিকে ছাড়া হয়েছিল, সেগুলি লঙ্ঘন হলে বা শর্তপূরণে ব্যর্থ হলে শিশুকে সমিতি আবার তাঁদের দায়িত্বে নিতে পারেন বা সংশ্লিষ্ট হোমে স্থানান্তরিত করতে পারেন

শিশুকে অস্থায়ীভাবে ছাড়া হলেও যে সময় সে বাইরে আছে, সেটা তার হোমের নির্দিষ্ট সময়ের মধ্যেই গণ্য হবে, বাইরে থাকার সময়কে অতিরিক্ত সময় হিসেবে ধরা হবে না

কোনও প্রতিষ্ঠানে থাকা শিশুর ছুটির অনুমতি (ধারা ৯৮)

হোমে থাকা কোনও শিশুকে বিশেষ বিশেষ ক্ষেত্রে যেমন পরীক্ষা, আত্মীয়-পরিজনের বিয়ে, বাবা-মা অথবা আত্মীয়-পরিজনের মৃত্যু ইত্যাদি ক্ষেত্রে ছুটি বা সাময়িক অনুপস্থিতির অনুমোদন দেওয়া হতে পারে

যাতায়াতের সময়সীমা বাদ দিয়ে সাতদিনের জন্য তত্ত্বাবধানে থাকা কোনও শিশুকে ছুটির অনুমতি দেওয়া যেতে পারে

যদি কোনও শিশু হোমে ফিরে আসতে অসম্মত বা ব্যর্থ হয় অথবা সময়সীমা বাতিল বা শেষ হয়ে যায়, তাহলে উপযুক্ত কর্তৃপক্ষ শিশুটিকে হোমে ফিরিয়ে আনার বিষয়টি নিশ্চিত করবেন

শিশুকে অস্থায়ীভাবে ছাড়া হলেও যে সময় সে বাইরে আছে, সেটা তার হোমের নির্দিষ্ট সময়ের মধ্যেই গণ্য হবে, বাইরে থাকার সময়কে অতিরিক্ত সময় হিসেবে ধরা হবে না

যে শিশুর দীর্ঘ চিকিৎসার প্রয়োজন বা মানসিক-শারীরিক অসুবিধা আছে, তার চিকিৎসার ব্যবস্থা গ্রহণ (ধারা ৯২)

কোনও শিশুর চিকিৎসার প্রয়োজন থাকলে আবশ্যিক চিকিৎসার জন্য নির্দিষ্ট স্বাস্থ্যকেন্দ্রে একটি বিশেষ সময়সীমার জন্য তাকে পাঠাতে পারেন

শিশু ও কিশোর ন্যায়বিচার আইন ২০১৫ অনুযায়ী শিশু কল্যাণ সমিতির কাজ

বিচারের জন্য গ্রহণ (ধারা ৩০)

শিশু কল্যাণ সমিতির প্রাথমিক কাজ হল উপস্থাপিত শিশুটিকে বিচারার্থে গ্রহণ

অনুসন্ধান

সমিতি যে কোনও শিশুর সুরক্ষার স্বার্থে বা কল্যাণ সংক্রান্ত যে কোনও বিষয়ে অনুসন্ধান করতে পারে ৩০(২) ৩৬(১)

শিশু কল্যাণ আধিকারিক/দ্বায়িত্বপ্রাপ্ত আধিকারিক/জেলা শিশু কল্যাণ সমিতি/এনজিও শিশুটির উপস্থিতির তারিখের ১৫ দিনের মধ্যে সামাজিক অনুসন্ধান প্রতিবেদন তৈরি করার জন্য নির্দেশ দিতে পারে ৩০(৩) ৩৬(২)

যে শিশুর যত্ন ও সুরক্ষার প্রয়োজন আছে, তার দেখভালের জন্য উপযুক্ত ব্যক্তিকে ঘোষণা করার জন্য অনুসন্ধান চালনা করা ৩০(৪)

শিশুটির বয়স নিয়ে কোনও সন্দেহ থাকলে সমিতি শিশুটির বিদ্যালয়ের কাছে অথবা কর্পোরেশন/মিউনিসিপ্যালিটি/পঞ্চায়েতের কাছে তার জন্ম শংসাপত্র যাচাই করতে পারে (ধারা ৯৪)

কোনও হোম বা সংগঠনে থাকা শিশুর অভিযোগের ভিত্তিতে অনুসন্ধান চালাতে পারে

শিশু ন্যায় পর্যদের পাঠানো কোনও কেসের অনুসন্ধান চালাতে পারে

পুনর্বাসন

সামাজিক অনুসন্ধান প্রতিবেদনের ভিত্তিতে, শিশুর ইচ্ছানুসারে অথবা শিশুর স্বার্থে কোনও শিশুকে অন্য কোথাও রাখতে বা পুনর্বাসনের ব্যবস্থা করতে পারে (ধারা ৩৭)

পুনর্বাসনের জন্য শিশুর যত্ন ও সুরক্ষাকে নিশ্চিত করতে পারে এমন উপযুক্ত ব্যক্তি বা সংগঠনকে নির্বাচন করা

সঠিক অনুসন্ধানের পর কোনও অনাথ, পরিত্যক্ত অথবা সমর্পণের জন্য উপযুক্ত শিশুকে আইনত দত্তক নেওয়ার জন্য ঘোষণা করা

POCSO Act 2012 অনুযায়ী যৌন হয়রানির শিকার এমন শিশুর পুনর্বাসনের জন্য পদক্ষেপ নেওয়া

বাবা-মা কতৃক সমর্পণ দলিলকে স্বীকৃতি দেওয়ার আগে বাবা-মাকে পুনর্বিবেচনা করার জন্য সময় দেওয়া

পরিদর্শন

যে শিশুর যত্ন ও সুরক্ষার প্রয়োজন আছে তাদের আবাসিক সুযোগ সুবিধার জন্য প্রতি মাসে সমিতির অন্তত দুটি পরিদর্শন আবশ্যিক

রাজ্য সরকার বা জেলা শিশু সুরক্ষা সমিতির কাছে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের গুণগত মানের উন্নতির জন্য ব্যবস্থা গ্রহণের সুপারিশ করতে পারে

শিশু সংক্রান্ত রিপোর্ট (ধারা ৯৯)

সমিতি শিশু সংক্রান্ত সমস্ত রিপোর্ট শিশুর সার্বিক স্বার্থের কথা মাথায় রেখে গোপনীয় রাখবেন

ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে তাঁদের মামলার নথি, আদেশ ও অন্যান্য প্রাসঙ্গিক কাগজপত্র দেখাতে বা দিতে অস্বীকার করবেন না

জেলাশাসকের কাছে ত্রৈমাসিক প্রতিবেদন (ধারা ৩৬)

সমিতিকে নিষ্পত্তি হওয়া বা না হওয়া প্রতিটি মামলা সম্পর্কে জেলাশাসক কে তিনমাস অন্তর প্রতিবেদন পাঠাতে হবে

আবেদন (ধারা ১০১)

এই আইন অনুসারে, সমিতির কোনও আদেশে ক্ষুব্ধ কোনও ব্যক্তি, ওই আদেশের তারিখ থেকে ৩০ দিনের মধ্যে শিশুটির প্রতিপালন করা বা ভরণপোষণের জন্য শিশু-আদালত/জেলা ম্যাজিস্ট্রেটের কাছে আবেদন করতে পারেন

শিশু নয়, এমন ব্যক্তি, যার যত্ন ও সুরক্ষার প্রয়োজন আছে, তার ক্ষেত্রে সমিতির নির্দেশের বিরুদ্ধে আবেদন করা যাবে না

Cr.PC অনুসারে শিশু আদালতের আদেশে ক্ষুব্ধ কোনও ব্যক্তি হাইকোর্টে আবেদন করতে পারেন

পুনরীক্ষণ (ধারা ১০২)

হাইকোর্ট যে কোনও সময়ে স্বতঃপ্রণোদিতভাবে কোনও আবেদনের ভিত্তিতে শিশু কল্যাণ সমিতি বা শিশু ন্যায় পর্যদের কোনও নির্দেশের যে কোনও প্রক্রিয়ার নথি চাইতে পারে

কোনও উপযুক্ত কারণবশত আদেশের অনুমোদন দিতে পারেন, তবে হাইকোর্ট কোনও ব্যক্তিকে শুনানীর ন্যায়সঙ্গত সুযোগ না দিয়ে তার স্বার্থের বিরুদ্ধে আদেশ দেবে না